

“ছেলে হোক, মেয়ে হোক,
দুটি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd



বিশেষ বাহক মারফত

স্মারক নং-৫৯.১১.০০০০.১৫৩.২৭.০৫২.২১- ৬৬০

তারিখ : ...১৫/০৮/২১...

বিষয় : ডা. নাসিমা খানম ইভা, সহকারী পরিচালক (সিসি) ও উপপরিচালক (ভারপ্রাপ্ত), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, হবিগঞ্জ এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার ১ম কারণ দর্শানো নোটিশটি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ।

সূত্র : স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, শৃঙ্খলা শাখার স্মারক নং-৫৯.০০.০০০০.১১৭.২৭.০৬১.২১-৩৫৭,
তারিখ : ০১/০৯/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক ডা. নাসিমা খানম ইভা, সহকারী পরিচালক (সিসি) ও উপপরিচালক (ভারপ্রাপ্ত), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, হবিগঞ্জ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজুপূর্বক ১ম কারণ দর্শানো নোটিশ জারী করা হয়েছে এবং ১০ (দশ) কর্মদিবসের মধ্যে জবাব প্রেরণের জন্য অভিযুক্ত কর্মকর্তাকে নির্দেশ প্রদান করা হয়। উক্ত নোটিশটি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, ডা. নাসিমা খানম ইভা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক রুজুকৃত বিভাগীয় মামলার নোটিশটি মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ০১ (এক) কর্মদিবসের মধ্যে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করে প্রকাশের প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে।

সংলগ্নি : বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।

পরিচালক (এমআইএস)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা।

(মোঃ হেমায়েৎ হুসেন)

অতিরিক্ত সচিব

ও

পরিচালক (প্রশাসন)

ফোন : ৫৫০১২৩৪২

ইমেইল: diradmin@dgfp.gov.bd

স্মারক নং-৫৯.১১.০০০০.১৫৩.২৭.০৫২.২১-

তারিখ :

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক/পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ৩। অফিস কপি।

(হাসান আমীন সুমন)
সহকারী পরিচালক (পার-২)।